# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ২৭৯৫

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - ক্রয়-বিক্রয় ও লেনদেনে সহনশীলতা

بَابُ الْمُسَاهَلَةِ فِى الْمُعَامَلَةِ

---

আরবী

وَعَنْ أَبِي ذَرٍّ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «ثَلَاثَةٌ لَا يُكَلِّمُهُمُ اللَّهُ يَوْمَ الْقِيَامَةِ وَلَا يَنْظُرُ إِلَيْهِمْ وَلَا يُزَكِّيهِمْ وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌ» . قَالَ أَبُو ذَرٍّ: خَابُوا وَخَسِرُوا مَنْ هُمْ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: «الْمُسْبِلُ وَالْمَنَّانُ وَالْمُنَفِّقُ سِلْعَتَهُ بِالْحلف الْكَاذِب» . رَوَاهُ مُسلم

বাংলা

২৭৯৫-[৬] আবূ যার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একবার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তিন শ্রেণীর লোকের সাথে আল্লাহ তা’আলা কিয়ামতের দিন কথা বলবেন না, তাদের প্রতি (দয়ার) দৃষ্টি দিবেন না, তাদেরকে (গুনাহ ক্ষমা করে দিয়ে) পাক-পবিত্র করবেন না, আর তাদের জন্য রয়েছে (নির্ধারিত) কঠিন ’আযাব। আবূ যার(রাঃ) এ কথা শুনার পর সাথে সাথে বলে উঠলেন, হে আল্লাহর রসূল! যাদের জন্য অধঃপতন ও ধ্বংস, তারা কারা? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, (১) যে লোক পরনের কাপড় পায়ের গিরার নীচে পরে, (২) যে দান করে খোটা দেয়, (৩) যে লোক নিজের মাল বেশি চালু করার চেষ্টায় মিথ্যা কসম করে। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১০৬, আবূ দাঊদ ৪০৮৭, নাসায়ী ২৫৬৩, তিরমিযী ১২১১, ইবনু মাজাহ ২২০৮, আহমাদ ২১৪৩৬, দারিমী ২৬৪৭, ইরওয়া ৯০০, সহীহ আত্ তারগীব ১৭৮৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (لَا يَنْظُرُ إِلَيْهِمْ) ‘‘আল্লাহ তা‘আলা তাদের দিকে তাকাবেন না’’। অর্থাৎ আল্লাহ তা‘আলা তাদের প্রতি দয়ার

দৃষ্টি দিবেন না।

(وَلَا يُزَكِّيهِمْ) “তাদেরকে পবিত্র করবেন না” অর্থাৎ তাদের ‘আমলকে বৃদ্ধি করবেন না এবং গুনাহের অপবিত্রতা থেকে পবিত্র করবেন না।

(وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌ) “তাদের জন্য রয়েছে কষ্টদায়ক শাস্তি”। এমন শাস্তি যার বেদনা অন্তর পর্যন্ত পৌঁছে।

(الْمُسْبِلُ) “পরিধেয় বস্ত্র ঝুলিয়ে দেয়া” অর্থাৎ যে ব্যক্তি অহংকারবশতঃ তার পরিধানের কাপড় টাকনুর নিচ পর্যন্ত ঝুলিয়ে দেয়। (শারহে মুসলিম ১/২ খন্ড, হাঃ১০৬)

(الْمَنَّانُ) “খোঁটাদানকারী” অর্থাৎ দান করার পরে আবার খোঁটা দেয়। (মিরকাতুল মাফাতীহ)

হাদীসের শিক্ষাঃ

(১) অহংকারবশতঃ পরিধেয় বস্ত্র টাকনুর নীচে ঝুলিয়ে দেয়া হারাম। তবে অসাবধানতার কারণে যদি কাপড় টাকনুর নীচে পরে যায় তবে তা হারাম নয়।

(২) দান করে খোঁটা দেয়া হারাম। এতে দানের সাওয়াব বিনষ্ট হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68122

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন